

বাকুবির ভেটেরিনারি অনুষদের বৃত্তি ৩৩ শিক্ষার্থীর

বাকুবি প্রতিনিধি

১৫ জুলাই ২০২৪, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক আমাদের সময়



বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ের (বাকুবি) ভেটেরিনারি অনুষদের মেধাবী ও অসচ্ছল ৩৩ শিক্ষার্থী?কে জুলাই-ডিসেম্বর ২০২৪ মেয়াদের বৃত্তি প্রদান করা হয়েছে। আর্থিক অসচ্ছলতার কারণে কোনো শিক্ষার্থীর শিক্ষাগ্রহণ যাতে বাধাগ্রস্ত না হয়, সে লক্ষ্যে প্রতিবছর এই বৃত্তি দেওয়া হয়। গতকাল সোমবার দুপুরে ভেটেরিনারি অনুষদ ভবনের মেডিসিন বিভাগের সম্মেলন কক্ষে এই বৃত্তি প্রদানের বিশেষ আয়োজন করা হয়। এ সময় বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের এককালীন ৭ হাজার ৫০০ টাকা অর্থ প্রদান করা হয়। সূত্র জানায়, সরাসরি ও অনলাইনে ৪৪টি আবেদনের মধ্য থেকে বাছাই করে ৩৩ জনকে বৃত্তি দেওয়া হয়েছে। ‘ভেটেরিনারি অনুষদ দরিদ্র শিক্ষার্থী বৃত্তি ফাস্ট’ থেকে ওই বৃত্তি প্রদান করা হয়।

অনুষ্ঠানে দরিদ্র শিক্ষার্থী বৃত্তি ফান্ডের চেয়ারম্যান এবং ভেটেরিনারি অনুষদের ডিন অধ্যাপক ড. মো. বাহানুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. একে ফজলুল হক ভুঁইয়া। বিশেষ অতিথি ছিলেন মাঝস্যবিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. মো. রফিকুল ইসলাম সরদার এবং বিশ্ববিদ্যালয়ের ছাত্রবিষয়ক উপদেষ্টা অধ্যাপক ড. মো. শহীদুল হক প্রমুখ।